গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
www.dss.gov.bd

"উন্নয়ন ও সমৃদ্ধির অগ্রযাত্রায়
দেশ গড়বো সমাজসেবায়"

বিষয় : **২০২৩-২০২৪ অর্থবছরে সমাজসেবা অধিদপ্তরের নৈতিকতা কমিটির ১মসভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. আবু সালেহ্ মোস্তফা কামাল, মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদপ্তর।

সভার স্থান : মেঘনা সভাকক্ষ (২য় তলা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

তারিখ ও সময় : ২ আগস্ট ২০২৩, সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (পরিশিষ্ট 'ক')

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শোকাবহ আগস্ট মাসে শোককে শক্তিতে রূপান্তরিত করার ব্রত নিয়ে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল শহিদের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপনান্তে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে সকলকে তৎপর হওয়ার জন্য অনুরোধ জানিয়ে কার্যপত্রের আলোকে ধারাবাহিকভাবে আলোচ্য বিষয়াদি উপস্থাপনের জন্য সাচিবিক দায়িত্ব পালনকারী শাখা গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ এর উপপরিচালককে আহবান জানান।

**আলোচ্যসূচি ১:** জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অবহিতকরণ ।

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ণ, প্রকাশনা ও জনসংযোগ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এ প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম এই ৩ (তিন) টি ক্ষেত্রের ১৫ টি কার্যক্রমের প্রত্যেকটি কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করেন। দপ্তর/ সংস্থার শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন **ও মূল্যায়ন** নির্দেশিকা, **২০২৩-২৪ অনুসরণ করে** কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত **প্রতিটি কর্মসম্পাদন সূচকের কোয়ার্টার ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরী পদক্ষেপ গ্রহণের বিষয়ে** সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্ত: ২০২৩-২০২৪ এর কর্মপরিকল্পনা অনুযায়ী **প্রতিটি কর্মসম্পাদন সূচকের কোয়ার্টার ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।**

**বাস্তবায়ন:** পরিচালক (প্রশাসন ও অর্থ)।

**আলোচ্যসূচি ২: শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।**

**আলোচনা:** সভায় আলোচনা হয় যে, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী ১০টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। এপিএ সমন্বয়কারী জনাব মোহাম্মদ আছাদুজ্জামান জানান, প্রশিক্ষণ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে যথাসময়ে উদ্যোগ গ্রহণ করা হয়ে থাকে।

**সিদ্ধান্ত:** শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়ন:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) ।

**আলোচ্যসূচি ৩: কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি)**

**আলোচনা:** সভাকে অবহিত করা হয় যে, কর্ম-পরিবেশ উন্নয়নে ২টি কার্যক্রম যথাক্রমে ৩য় ও ৪র্থ কোয়ার্টারে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা আছে। সদর কার্যালয়ে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমে উৎকর্ষতা সাধন এবং **৪র্থ শ্রেণির কর্মচারীদের দাপ্তরিক পোশাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করণ কে** কর্ম-পরিবেশ উন্নয়নে লক্ষ্যমাত্রা নির্ধারণে সকল সম্মানিত সদস্য একমত পোষণ করেন (তালিকা সংযুক্ত)।

**সিদ্ধান্ত:** ৩য় ও ৪র্থ কোয়ার্টারের মধ্যে কর্ম-পরিবেশ উন্নয়নে ২টি কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

**বাস্তবায়ন:** পরিচালক (প্রশাসন ও অর্থ)।

**আলোচ্যসূচি ৪:** লক্ষ্যমাত্রা অনুযায়ী **প্রকল্পের PIC সভা আয়োজন ।**

**আলোচনা:** উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ) সভাকে অবহিত করেন যে, শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২৪ অনুযায়ী প্রকল্পের মোট ৯০টি PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। সভাপতি জানান যে, বর্নিত অর্থবছরে ২৮টি প্রকল্পের জন্য মোট PIC সভা আয়োজনের লক্ষ্যমাত্রা সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক সংশোধন উদ্যোগ গ্রহণকালে PIC সভা আয়োজনের মোট লক্ষ্যমাত্রা সংশোধন করার অভিমত ব্যক্ত করা হয়।

**সিদ্ধান্ত:** প্রথম কোয়ার্টারে ১৫টি PIC সভা অনুষ্ঠান নিশ্চিত করতে হবে।

**বাস্তবায়ন:** অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)।

**আলোচ্যসূচি ৫: ইএফটির মাধ্যমে ঢাকা জেলায় ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারাইলজ, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া চিকিৎসা অনুদান প্রদান।**

**আলোচনা:** জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৩.২ কার্যক্রম অনুযায়ী ঢাকা জেলায় ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারাইলজ, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া চিকিৎসা অনুদানের অর্থ ৫০% ইএফটি এর মাধ্যমে প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ আছে। সভাপতি জানান যে, লক্ষ্যমাত্রা ৫০% হলেও অর্জন ৫৫% ইএফটি এর মাধ্যমে চিকিৎসা অনুদান প্রদান করতে হবে।

**সিদ্ধান্ত:** লক্ষ্যমাত্রা অনুযায়ী চিকিৎসা অনুদানের অর্থ ৫০% ইএফটি এর মাধ্যমে প্রদান করতে হবে।

**বাস্তবায়ন:** উপপরিচালক (সামাজিক নিরাপত্তা)।

**আলোচ্যসূচি ৬:** ঢাকা জেলার দুটি হাসপাতাল সমাজসেবা কার্যালয় কর্তৃক সেবা প্রদানের স্বচ্ছতা আনয়ন

**আলোচনা:** সভাপতি জানান, ২০২৩-২০২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩.৩ কার্যক্রমে ঢাকা জেলার জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল এবং বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইন্সস্টিটিউট-হাসপাতাল দুটিকে কর্মপন্থা অনুযায়ী সেবা প্রদানের বাস্তবায়িত প্রতিবেদন নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন করতে হবে।

**সিদ্ধান্ত:** প্রথম কোয়ার্টারে ২০% অগগ্রতির লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

**বাস্তবায়ন:** উপপরিচালক (চিকিৎসা ও প্রবেশন)।

**আলোচ্যসূচি ৭:** ২ (দুই) টি সরকারি শিশু পরিবারের সার্বিক অবস্থার উন্নয়ন।

**আলোচনা:** জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ৩.২ কার্যক্রমে ২ (দুই) টি সরকারি শিশু পরিবারের সার্বিক অবস্থার উন্নয়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। সভায় অবগত করা হয় যে, সরকারি শিশু পরিবার (বালিকা), কিশোরগঞ্জ ও সরকারি শিশু পরিবার (বালিকা), খুলনা কে সার্বিক অবস্থার উন্নয়নে রোল মডেল হিসেবে বাস্তবায়নের জন্য নির্বাচন করা হয়েছে। এক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারি শিশু পরিবার দুটির বর্তমান অবস্থা ও উন্নয়ন পরবর্তী অবস্থার ছবি উপস্থাপনপূর্বক প্রতিবেদন প্রেরণ করার বিষয়ে সকল সদস্য মতামত ব্যক্ত করেন।

**সিদ্ধান্ত:** বাস্তবায়ন কর্মপন্থা অনুযায়ী ২০% অগগ্রতির লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।

**বাস্তবায়ন:** উপপরিচালক (প্রতিষ্ঠান-১)।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/০৮/২০২৩

ড.আবু সালেহ্ মোস্তফা কামাল
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন: ৫৫০০৭০২৪
ই-মেইল: dg@dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.২৩.০০৩.২৩. ৫৩২

তারিখ: ৮ আগস্ট ২০২৩

০১। পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদপ্তর।
০২। অতিরিক্ত পরিচালক ........................ সমাজসেবা অধিদপ্তর।
০৩। উপপরিচালক ...................................... সমাজসেবা অধিদপ্তর।
০৪। সহকারী পরিচালক.................................সমাজসেবা অধিদপ্তর।
০৫। এপিএ সমন্বয়কারী, সমাজসেব অধিদপ্তর।

সদয় জ্ঞাতার্থে:

০১। সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মহাপরিচালক (গ্রেড-১), সমাজসেবা অধিদপ্তর।

8/8/2023


আদিল মোত্তাকীন
উপপরিচালক
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
ফোন: ৪৮১১৮৫৬৫
ই-মেইল: dd.pub@dss.gov.bd